ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন
Dhaka Customs Agents Association
DCAA
ASSOCIATION BABHAN, 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH PHONE: 02222225942, 029337843

প্রচার পত্র নং- ১৪২/২০২৫ তারিখ ঃ ২০/১১/২০২৫ইং

সম্মানীয় সদস্যবৃন্দ,

আমদানীকৃত মালামাল দ্রুত খালাসগ্রহণ সংক্রান্ত বিষয়ে কাস্টম হাউস, ঢাকার অদ্য ২০/১১/২০২৫ইং তারিখের নিম্নোক্ত পত্র মোতাবেক প্রয়োজনীয় কার্যকর পদক্ষেপ নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

(মোঃ ফারুক আলম)
সাধারণ সম্পাদক
ফোন ঃ ০১৭১১-৫২০২৭৯

= = = = = = = = = = = = = = = = = = = = = = = =

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস
কুর্মিটোলা, ঢাকা- ১২২৯।

নথি নং-৫-কাস-১২(০৩) নীঃপ/জাঃরাঃবোঃ /বিবিধ/২২/১৯৩২৫(২) তারিখঃ ২০ /১১/২০২৫ খ্রি.

বিষয় : আমদানিকৃত মালামাল দ্রুত খালাস গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : ১. এ দপ্তরের নথি নং-৫-কাস-১২(০২) নীঃপঃ/বিবিধ সভা/২০২৩/১৫৩৭৯, তারিখঃ ১৪/০৯/২০২৫খ্রি.
২. এ দপ্তরের নথি নং-৫-কাস-১২(০২) নীঃপঃ/বিবিধ সভা/২০২৩/১৮৫৪৩, তারিখঃ ১০/০১১/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিগত ১৮/১০/২০২৫ খ্রি. তারিখে অগ্নিকান্ডে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের অধিক্ষেত্রাধীন এয়ার ফ্রেইট ও কুরিয়ার ইউনিট পুড়ে যায়। সে কারণে স্থানের সংকুলান না হওয়ায় এবং এয়ার সাইটের নিরাপত্তা বিবেচনায় আমদানিকৃত পণ্যচালান দ্রুত খালাস গ্রহণ করা প্রয়োজন। বিষয়টির গুরুত্ব অনুধাবন করে সূত্রে উল্লিখিত ১ নং সভার কার্যবিবরনী অনুযায়ী পণ্যচালান দ্রুত খালাস গ্রহণে সকলকে কার্যকর পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। তৎপ্রেক্ষিতে পুনরায় সভা করে পণ্যচালান দ্রুত খালাসকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল (সূত্র-২)। কিন্তু এ্যাসাইকুডা ওয়ার্ল্ড এর তথ্য বিবেচনায় দেখা যাচ্ছে যে আমদানিকৃত অনেক পণ্যচালানের আইজিএম দাখিল করা হলেও পণ্যচালানগুলো খালাসের জন্য বি/ই দাখিল করা হয়নি। ফলে পণ্যচালান শুল্কায়ন করা সম্ভব হচ্ছে না এবং খালাসে বিলম্ব হচ্ছে। এ্যাসাইকুডা ওয়ার্ল্ডের তথ্য অনুযায়ী গত ১৯.১১.২০২৫খ্রি. থেকে ২০.১১.২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত রপ্তানিমুখী গার্মেন্টস প্রতিষ্ঠানের ৪৯১৬ টি এয়ারওয়ে বিলের বিপরীতে সর্বমোট ৪১৮ মে.টন পণ্যের বি/ই দাখিল করা হয়নি (কপি সংযুক্ত)। ফলে বিমানবন্দর পণ্যজটের সৃষ্টি হয়েছে যা একইসাথে নিরাপত্তার জন্যও ঝুঁকি সৃষ্টি করছে।

০৩। এমতাবস্থায়, আপনার এসোসিয়েশনের সকল সদস্য কর্তৃক আমদানিকৃত পণ্যচালান দ্রুত খালাস গ্রহণের জন্য কার্যকর পদক্ষেপ নেয়ার অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে ৭১ (একাত্তর) পাতা।

স্বা:/-

মোহাঃ মসিউর রহমান
কমিশনার অব কাস্টমস (চলতি দায়িত্ব)
কাস্টমস হাউস, ঢাকা।
e-mail:dch@nbr.gov.bd

১। প্রেসিডেন্ট,
বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন
বিজিএমইএ কমপ্লেক্স,
হাউস ৭/৭ এ, সেক্টর-১৭,
ব্লক-এইচ-১-১২৩০, ঢাকা;

২। প্রেসিডেন্ট,
বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন
বিকেএমইএ ভবন, ৫৩-৫৪
চাষাড়া, নারায়নগঞ্জ, ১৪০০;

নথি নং-৫-কাস-১২(০৩) নীঃপ/জাঃরাঃবোঃ /বিবিধ/২২/১৯৩২৫(২) তারিখঃ ২০/১১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা ঢাকা-১২২৯।
২। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
৩। পি এস টু মাননীয় উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। সভাপতি, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, ৩/সি নিউ বেইলি রোড, রমনা, ঢাকা।
৬। অফিস কপি।

২০.১১.২৫

মোহাঃ মসিউর রহমান
কমিশনার অব কাস্টমস (চলতি দায়িত্ব)